

## ধরি ত্রী

খোলা মাঠের মাঝপথ দিয়ে হেঁটে যাচ্ছে যে - বউটি, তার  
 বাড়ি, সম্ভবত, মুকুন্দপুরে। বাড়ির সামনে  
 তেল - লজেন্সের দোকান, ঝাঁপতোলা, সেখানে কানে বিড়ি গুঁজে,  
 তার বর কেনাবেচা করে, হাঁটুর ওপর গোটানো লুপি,  
 তিনটে ছোটো ছোটো মেয়ে আর একটি ক্ষুদ্রতম ছেলে  
 সামনের রাস্তায়, দোকানের চৌকিতে, মাটিতে  
 লাফঝাঁপ করে, চেষ্টায়ে।

গোয়ালপাড়া থেকে ব্যাগ সেলাইয়ের টাকা নিয়ে  
 ফিরছে বউটি, মাঠের ওপারের দোকান থেকে  
 নিঝুম তেজপাতা, কলাইয়ের ডাল আর চারটি কাঠিলজেন্স  
 কিনে, বাড়ি গিয়ে, দুপুরের উনুনে  
 ভাঙা পাঁচিলের ধারে বসে বসে তৈরী করবে  
 সংসারের ঝোল ও মশলা

তারপর কলে যাবে

সুমন গুণ

